

তথ্য কমিশনে ২১-০৫-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১ টি অভিযোগের শুনানীশেষে ০১ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০৪ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০৬ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগটি হচ্ছে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীর প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। অন্যদিকে নারায়ণগঞ্জের ফতুল্লা রাজস্ব সার্কেলের সহকারী কমিশনার (ভূমি), ফেনী এলজিইডির সিনিয়র সহকারী প্রকৌশলী, কুমিল্লার মনোহরগঞ্জের বিপুলাসার ইউনিয়ন পরিষদের সচিব এবং ঢাকার মনিপুর হাই স্কুল এন্ড কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

পটুয়াখালী পুলিশ সুপার কার্যালয়ের পুলিশ সুপার, পিরোজপুর পুলিশ সুপার কার্যালয়ের অতিরিক্ত পুলিশ সুপার, সিলেট সিটি কর্পোরেশনের সচিব, তেজগাঁও উল্লয়ন সার্কেলের উত্তরখান ইউনিয়ন পরিষদের সচিব, কুমিল্লা সিভিল সার্জন কার্যালয়ের সিভিল সার্জন এবং জনতা ব্যাংক লিমিটেড মতিঝিল প্রধান কার্যালয়ের এমআইএস ডিপার্টমেন্টের উপ-মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

স্বাক্ষরিত:-

২১-০৫-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd